

■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২২৯০

৩৯/ যামিন হওয়া (كتاب الكفالة)

পরিচ্ছেদঃ ৩৯/১. দেনা ও কর্জের ব্যাপারে দেহ এবং অন্য কিছুর অর্থিক দায় প্রসঙ্গে।

بَابُ الْكَفَالَةِ فِي الْقَرْضِ وَالْدِيْوَنِ بِالْأَبْدَانِ وَغَيْرِهَا

আরবী

وَقَالَ أَبُو الزِّنَادِ عَنْ مُحَمَّدِ بْنِ حَمْزَةَ بْنِ عَمْرِو الْأَسْلَمِيِّ عَنْ أَبِيهِ أَنَّ عُمَرَ بَعْثَهُ مُصَدِّقًا فَوَقَعَ رَجُلٌ عَلَى جَارِيَةِ امْرَأَتِهِ فَأَخْذَ حَمْزَةَ مِنْ الرَّجُلِ كَفِيلًا حَتَّىٰ قَدِمَ عَلَىٰ عُمَرَ وَكَانَ عُمَرُ قَدْ جَلَدَهُ مِائَةً جَلْدًا فَصَدَّقَهُمْ وَعَذَرَهُ بِالْجَهَالَةِ وَقَالَ جَرِيرٌ وَالْأَشْعَثُ لِعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ فِي الْمُرْتَدِينَ اسْتَتِبُّهُمْ وَكَفِلُهُمْ فَتَابُوا وَكَفَلُهُمْ عَشَائِرُهُمْ وَقَالَ حَمَادٌ إِذَا تَكَفَّلَ بِنَفْسِ فَمَا تَفْلِيَةٌ عَلَيْهِ وَقَالَ الْحَكَمُ يَضْمَنُ

বাংলা

২২৯০. আবু যিনাদ (রহ.) মুহাম্মাদ ইবনু হাম্যা ইবনু আমর আসলামী (রহ.)-এর মাধ্যমে তাঁর পিতা হতে বর্ণনা করেন যে, 'উমার (রাঃ) তাঁকে সাদকা উশুলকারী নিযুক্ত করে পাঠান। সেখানে এক ব্যক্তি তার স্ত্রীর দাসীর সাথে ব্যভিচার করে বসল। তখন হাম্যা (রহ.) কিছু লোককে তার পক্ষ হতে যামিন স্থির করলেন। পরে তিনি 'উমার (রাঃ)-এর নিকট ফিরে আসলেন। 'উমার (রাঃ) উক্ত লোকটিকে একশ' বেত্রাঘাত করলেন এবং লোকদের বিবরণকে সত্য বলে গ্রহণ করলেন। তারপর লোকটিকে তার অজ্ঞতার জন্য (স্ত্রীর দাসীর সাথে যৌন সম্পর্ক করায় অবৈধ তা সে জানত না) অব্যাহতি দেন। জরীর ও 'আশ'আস (রহ.) মুরতাদ-ধর্মচুত ব্যক্তিদের সম্পর্কে 'আবদুল্লাহ [ইবনু মাসউদ (রাঃ)]-কে বলেন, তাদেরকে তওবা করতে বলুন এবং গোত্রের লোকেরা তাদের যামিন হয়ে গেল। হাম্মাদ (রহ.) বলেন, যদি কোন ব্যক্তি যামিন হবার পর মৃত্যুবরণ করে তবে সে দায়মুক্ত হয়ে যাবে। হাকাম (রহ.) বলেন, তার উপর দায়িত্ব থেকে যাবে (অর্থাৎ ওয়ারিশদের উপর সে দায়িত্ব বর্তাবে)। (আধুনিক প্রকাশনীঃ কিতাবুল কিফালাহ অনুচ্ছেদ-১, ইসলামিক ফাউন্ডেশনঃ অনুচ্ছেদ ১৪২৫ প্রথমাংশ)

English

Narrated Muhammad bin 'Amr Al-Aslami that his father Hamza said:
'Umar (ra) sent him (i.e. Hamza) as a Sadaqa / Zakat collector. A man had committed illegal sexual intercourse with the slave girl of his wife. Hamza

took (personal) sureties for the adulterer till they came to 'Umar. 'Umar had lashed the adulterer one hundred lashes. 'Umar confirmed their claim (that the adulterer had already been punished) and excused him because of being Ignorant. Jarir Al-Ash'ath said to Ibn Mas'ud regarding renegades (i.e., those who became infidels after embracing Islam), "Let them repent and take (personal) sureties for them." They repented and their relatives stood sureties for them. According to Hammad, if somebody stands surety for another person and that person dies, the person giving surety will be released from responsibility. According to Al-Hakam, his responsibilities continues.

হাদিসের মান: [সহিহ \(Sahih\)](#) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু ফিনাদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=26352>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন